…ক্ত সমাজ সংস্কারকের নিখুঁত ফটোগ্রাফ্।

গাধা ও তুমি।

(ব্যঙ্গনাট্য)

এমারেল্ড থিয়েটারে দক্ষতার সহিত
অভিনয় হইতেছে।

(১৮ বাঁশতলা ষ্ট্রীট বড়বাজার)
যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় কর্ত্তৃক
প্রকাশিত।

নূতন সংস্করণ।

১২৯৫।

 মূল্য ৵০ দুই আনা

নাট্যোল্লিখিত ব্যক্তিগণ।

পুরুষগণ।

বামনদাস গুঁই ... ... কলিকাতাস্থ ধনাঢ্য ব্যক্তি।

সারদাদাস }
বরদাদাস } ... ... ঐ পুত্র।

পেলারাম ... ... ঐ আচার্য্য পুত্র।

জন বুল ... ... ইংরাজ সলিসিটার।

ভৃত্য ইত্যাদি।

স্ত্রীগণ।

কমলমণি ... ... বামনদাস বাবুর স্ত্রী।

ক্ষেমা ... ... ঐ কন্যা।

হেমন্তকুমারী ... ... ঐ ভ্রাতৃপুত্র বধূ।

লালনমণি ... ... বামনদাস বাবুর র[illegible]

ভেণ্ডারকুমারী ... ঐ কন্যা।

পুরবাসিনী স্ত্রীগণ ইত্যাদি।

ভাক্ত সমাজ সংস্কারকের নিখুঁত ফটোগ্রাফ।

গাধা ও তুমি।

ব্যঙ্গ নাট্য।

প্রথম অঙ্ক।

প্রথম দৃশ্য।

কলিকাতা বামনদাস শুঁইয়ের বাটির সদর দরজা।

বরদা দাসের পরিক্রমণ।

বরদা। দাদা একবার যে এসে পৌঁছিলে হয়। দেখি বাবা, ত হোলে আমায় orator বল্তে হয় কি না হয়। ছবচ্ছর মাষ্টারি কর্তে গিয়ে ঢাকা মৈমনসিং বক্তৃতার চোটে ফাটিয়ে এসেছি, আর এখানে যে সে পাঁচ-বেটা জুটে ভেস্তে দেবে? গোলদিঘী, বিডন পার্ক, এলবার্ট [illegible], টাউনহল, ইণ্ডিয়ান এসোসিয়েসান, ব্রাহ্ম সমাজ, হিন্দু সমাজ, কোন সমাজেই ঠাঁই দিলে না। রাজ নীতি, [illegible]তি, ধর্ম্ম নীতি, যে বিষয়ে বক্তৃতা করতে যাই না [illegible]তা জোটে না, কাজেই নাম কিন্তে পারি না। [illegible] বরাবর লিখতে বলতে তৈয়ার, তা[illegible]

ভেবে

আবার বিলিতি হাওয়া গায়ে লেগেছে, বিলিতি জল পেটে পড়েছে, এ বড় কেও কেটা হয়ে আসছে না। দাদার যেমন আসা অমনি এক খানা Society paper বার করা। তার পর দুই ভেয়ে সমাজ সংস্কারে বেরুবো। দাদার কলম—আমার গলা। দেখ্‌বো তেষ্টা এগোয় কি জল এগোয়? সব সেঙ্গাৎকে পায়ের তলায় আন্‌বো তবে ছাড়বো। ওরে মাধা, মোড়ে এক খানা গাড়ি থাম্‌লো না? দেখ্‌তো কে নাবে।

নেপথ্যে ভৃত্য। ও এক বেটা ফিরিঙ্গী গো বাবু, ও গলিতে ঢুক্‌লো, না গো বাবু এই দিকেই আসছে।

বরদা। দাদা বুঝি? এই যে দাদাই বটে।

পোর্টমেণ্ট হস্তে গাড়োয়ানের অগ্রে অগ্রে, বিলাত হইতে সদ্যপ্রত্যাগত সারদা দাস গুঁইয়ের প্রবেশ।

বরদা। দাদা বাবু আসুন, প্রণাম। (পদধুলি লওনের চেষ্টা)

সারদা। What's this? no no-বাই, পায়ের ঢুলা চাটিটে বালো নয়, Give me your hand. (সেখহ্যাণ্ড করণ) Blood and poison-একি পোষাক? উলঙ্গ রইয়াছ বাই? চি—চি—চি—ঐ সরু কাপড় পরিয়া যডি টোমায় হামাডের কোন বিলাটী লেডি ডেখিটো Oh horr— [illegible] কোপালে টুলিয়া বড় মুর্চ্ছা বোড করিটো?। gusting! হা বাঙ্গালা ডেশ! হা মাই নের্টিভ [illegible] টোমার পোষাক কবে পরিবর্টনশীল করিটে মরিব সণ্টোষে? বাই! টোমার

ছিঁড়িয়া—হামার পোর্টম্যাণ্ট মড্যষ্ট-বিলাটী স্যুট পরিয়া স্যুকি করিটে হইবে হামার অণ্টঃকরণকে ?

বরদা। দাদা বাবু! এটা বহুদিনের পুরাতন National Dress একেবারেতো উঠবেনা। সুতরাং এতো তাড়া তাড়ি নাই করলেন? এখন দিশি বিলিতি দুরকমই চাই নইলে যে হিঁদুরা আউট্ করে দেয় ?

সারদা। Cursed হিঁডু সমাজ! কোন বুড্ডি নাই। নটুবা বি Black heathens বলিয়া সাহেব লোগ, আর সেই আহ Nitingale কণ্ঠি—রাজহংসোগ্রীবা ডারিনী—বিলাটি লেডিকুল লক্কিছাড়া বাঙ্গালিকে উপহাস করিটে পারিটো বাই টুমি হামার বাই, অপর বাই নয়—আপনার বাপ্টুটে বাই—যাহাকে পেটের বাই কহিয়া ঠাকে! হামার কট শুন! কাপড়টী বাঁটিয়া সাঁটিয়া—পেণ্টেলুন আঁট— পিরিহান্ ফেলিয়া সার্ট এণ্ড ওয়েষ্ট কোট পর—আর এ অসব্যের মটন—শুড়ু মাটায় Gentoo hat ডাও? এব নিশ্বাষে সব্য হইয়া যাইবে! ডুই বায়ে একট্র হইয় সমাজ সংস্কারের Pioneer হইলে মেষের ডল—ঠিক ডোউড়িটে ডোউড়িটে হামাডের পৃষ্টে আসিবে—টাহ হামি কুব্ ভারাত্মক শপট্ করিয়া বলিটে সাহস করি

বরদা। দাদা ঠিক বলেছ, জোর যার মুল্লুক তার! বাঙ্গালিকে যা দেখাবে তাই শিখবে! দাদা বেশ বলেছ, বিলেত! বিলেতে না গেলে কি এমন মনের জোর [illegible]মন খাঁটি বুদ্ধি টুকু লাভ হয়? বেশ দাদা—য ভেবে[illegible]ই হোয়েছে! এখন পোর্টম্যাণ্ট খোল

—আজ থেকে কাপড়ের বাপ্ নির্ব্বংশ! বিলিতি সুটের আলাদা তেজ! দাও বিলিতি সুট পরে সমাজরূপ জলে ডুবো জাহাজকে ছুই ভেয়ে টেনে ডাঙ্গায় তুলি! কিন্তু দাদা বিলিতি ডোউল ডাওয়াল গুলো শিখিয়ে নিও।

সারদা। Allright টবে টুমি বাই পোষাক আঁটিটে ঠাকো—হামি হামার প্রঠম Convert-এর well fair জন্য একটী সঙ্গীট ও নৃট্য করিটে টাকি!

বরদার পোষাক পরিধান ও সারদার বিলাতি ধরণে

নৃত্য-গীত]

গীত।

হাস্যকরি বরো সুকের কটায়।
সুকের কটায়, সুকের কটায়, সুকের কটায় রে॥
সমষ্ট ডিন্ শ্রম্ করি ক্ষেট্রে,
গড়িয়ে জল পড়ে বক্ষে নেট্রে,
সে শ্রম্ নাশে বার্য্যা রাট্রে,
সুকের কটায়, সুকের কটায়, সুকের কটায় রে॥

এই সঙ্গীটটা হামি আয়ারল্যাণ্ডের বোরুষ্টলে বসিয় আইরিশ ফারমার্শ Song এর ছণ্ডে বণ্ডন করিয়াছি!

বরদা। দাদা ঠিক্ বল আমায় কেমন দেখাচ্ছ? মানিয়েছে

সারদা। Ah! Just like a perfect gentleman of the Nineteenth century type. .... হুইট আচ্ছা সজ্জা

ড্যাকা যায়! এই সব্য সজ্জায় ডুই বাই যে কোন সমাজে যাইবো, খাটির পাইব, আডয় পাইব, সেলামের জালা বোজাই হইয়া যাইবে! রাষ্টায় বাহির হইলেই পাহারা-ওয়ালা সেলাম ডিবে! বড় ২ সাহেব লোগের পিয়াডা, কান্সামা, মোশাল্চি, বাবুরচি, বিষ্টি, মেথর মেথ্রাণী এমন কি Porter পর্য্যণ্ট শেলাম ডিটে বাড্য হইবে। হামার সমাজ সংস্কারের প্রঠম প্রোগ্রাম, পোষাক বড্লান্, ডিটীয়, স্বাটিন্ সবাবা বেশ্যা বিবাহ। কেন না বেশ্যারা জন্মাবটি স্বাটিনা; জন্মাবটি স্বাটিনা স্ত্রী না হইলে বাঙ্গালার উড্ঢার ককনো হইটে পারে না। বাই, টোমার ও Illiterate স্ত্রী মরিয়াচে. হামিও widower আছি, আইস হামরা ঐ রূপ স্বাটিনা স্ত্রী বিবাহ করিয়া বোকা বাঙ্গালীকে আডর্শ ডেকাই। স্বাডিনা রমণীর সণ্টান গণ ডলে ডলে Napoleon, Garibaldi, Mazzini রূপে, বঙ্গের গরে গরে, হাটে হাটে বাজারে ২ আবির্ভূট হইয়া আর বিষ বট্সরের মটো বাঙ্গালাটাকে স্বাটিন করিয়া ফেলিবে বাই, হামরা সুডু কাগজে লিখিয়া সংস্কার করিব না, Practically কার্য্য করিয়া ডেখাইবো। সুটরাং এই মাসের মট্যেই বাল ডেকিয়া বিবিয়ানা ডরনের কম বয়সি বেশ্যা বাচিয়া ডুই জনে বিবাহ করিটে হইবে! and then to my maturer speculations.

তা সব করবো। কিন্তু দাদা তোমার ঐ ত স্থানে ড স্থানে ব, আর অ স্থানে হ টী ত্যাগ করতে হবে, ওরকম ব[illegible]

সারদা। বাই সে জন্য বাবিও না, ওরূপ কটা কওয়া এখনি ট্যাগ করিটে পারি বরঞ্চ ওরূপ করিয়া কহিটে আমাডের বিলাট ফেরট ডলকে সাবডান হইটে হয়, পাছে Pure বাঙ্গালা বাহির হইয়া পড়ে? বাঙ্গালা সহজেই ঠিক কওয়া যায় এবং এখন হইতে আবার কহিতে আরম্ভ করিলাম, তবে একটু আদটু টান্ থাকিবে আর নেহাত্ coloquial কহিলে বিলাত ফেরত বলিয়া কেহ স্বীকার করিতে চাহিবে না!

বরদা। তা না কন্ নাই কইবেন, সাধুভাষাই ব্যবহার করবেন।

সারদা। All right তাহাই হইবে! Now to business. Where is that miserly old Hypocrite?

বরদা। কার কথা জিজ্ঞাশা করবেন?

সারদা। That abominable wretch of a father.

বরদা। বাবা? বাবা তাঁর নতুন ব্যারিষ্টার মনিবের সঙ্গে বর্দ্ধমানে কি একটা মকর্দ্দমার জন্য গেছেন!

সারদা। বড় ভালই হইয়াছে। রেলওয়ে এক্সিডেণ্টে বুড় বেটা মলে আচ্ছা হয়। আমরা দুজনে দেশের অনেক কাজ করিবার লায়েক্ হইব। ভাই! [illegible]র বেশ্যা বিবাহের কার্য্যটা সম্পন্ন করিয়া ফে আসিলে বাধা করিবে।

বরদা। স্বাধীনা স্ত্রীর জন্য বেশ্যা পাল্লীতে যাব[illegible]প্রয়োজন কি? আজ কাল অনেক মেয়ে [illegible] পর্য্যন্ত ইস্কুলে

কলেজে পড়া সাঙ্গ করে, Courtship করে নিজে বেছে বে করছে, আমাদের সে পথ ত পড়ে রয়েছে।

সারদা। ভাই! সে সব স্ত্রী বড় সহজ হইবেন না,—তাঁহারা স্বামীর নাকে দড়ি দিয়া চালাইতে চেষ্টা করিবেন। চোক্ রাঙ্গানি বা ধমকানিতে ভয় করিবেন না; উল্টা শ্রী হইয়া দাঁড়াইবে। আমাদের এখন বাহিরে স্বাধীনা ভিতরে সুলতানের Harem বাসিনী কুলবতীর মতন স্ত্রী চাই। আমি জানি সাহেবেরা মনে মনে ঐ রূপ স্ত্রী ইচ্ছা করেন, সুতরাং বেশ্যা কন্যা সম্পূর্ণ Preferable হইতেছে, ইহাতে ভাই অন্য মত করিওনা, আমার বহুকালের আশাকে বাঁচাইতে হইবে।

বরদা। ভাল, দেশ কাল পাত্র বিবেচনায় আপনি আমায় যে কাজ করতে বলিবেন আমি তাতেই প্রস্তুত। দুভাই-য়ের দৃষ্টান্তে যাতে সমস্ত বঙ্গদেশ স্তম্ভিত হয় তাই করা আবশ্যক; এতে প্রাণ পর্য্যন্ত পণ।

সারদা। All right, I second your firm resolution. এখন ভাল ভাল সাহেব ঘেঁষা অল্প বয়সি বেশ্যা কন্যার সন্ধান করে কে?

সেজন্য চিন্তা নাই। আমাদের বুড় আচার্য্যিরছেলে পেলারাম বেশ্যা সংগ্রহে বড় দক্ষ।

ভাল উত্তম, তবে তাহাকেই ভার দেওরা উচিত। সে এখন কোথায়?

বরদা। এই যে [illegible]!

(পেলারামের প্রবেশ।)

পেলা। আজ্ঞে কি হুকুম।

সারদা। আমরা দেশকে উদ্ধার করিব, সেই নিমিত্ত দুইটী স্বাধীনা সাহেবঘেঁসা বেশ্যা কন্যা আবশ্যক, এই দুইটী সরলা মহিলা তুমি সংগ্রহ করিতে পারিবে?

পেলা। আজ্ঞে দুটো বেশ্যা তো?

সারদা। স্বাধীনা বেশ্যা কুমারী।

পেলা। আজ্ঞে তা দুটোই এনে দিব।

সারদা। আচ্ছা যাও, তোমার প্রতি এই আদেশ।

পেলা। আজ্ঞে টাকা ত দিতে হবে?

সারদা। হেথা আসিলে টাকা দিব।

পেলা। তা'ত রাজি হবেনা।

সারদা। দেখো না।

পেলা। দেখছি (স্বগতঃ) সে বড় বিষম ঠাঁই, গুরুশিষ্যে দেখা নাই।

(পেলারামের প্রস্থান)

বরদা। এখন একবার বাড়ীর ভিতরে চল, মেয়েরা তোমার সঙ্গে দেখা করবেন।

সারদা। Oh! I shudder at the suggestion—[illegible]পরা ladies কেমন করিয়া লজ্জা ঢাকিয়া থাকে Shame! Shame! বড় লজ্জা ভাবিতেছি! ব[illegible] পারিনা কেমন করিয়া মাতার সহিত ভগ্নির স[illegible]থা করিব? তাঁহারা ত সমাদর সূচক সম্বো[illegible]নের ধার ধারেন না। আমায় নিজে মস্তক [illegible]নত করিয়া পলা-

ইতে হইবে হয়ত। তাঁহারা অনুগ্রহ করিয়া বিবির সাজে না পারেন, নিদেন আয়ার মতন সজ্জা করেন ত আমি ভাল করিয়া সেলাম দিয়া আসিতে পারি, নচেৎ বড় বিপদ বোধ হয়।

বরদা। আপনি কিন্তু না দেখা করিলে তাঁরা বড় দুঃখিত হবেন।

সারদা। তাঁদের দুঃখের জন্য এক Farthing গ্রাহ্য করিতাম না যদি তুমি আমার প্রাণের ভাই না অনুরোধ করিতে। চল যাই। বরাবর আমার হাত ধরিয়া থাকিও, কারণ এখন হইতে আমি চক্ষু বন্ধ করিলাম, যতক্ষণ না এ অগ্নিপরীক্ষা হইতে ফিরিয়া আসি। ধর ভাই, হাত খানি ধরিয়া অগ্রগামী হও।

উভয়ের প্রস্থান।

দ্বিতীয় দৃশ্য।

বামন দাস বাবুর অন্তঃপুরস্থ কক্ষ। কমলনলী, হেমন্ত কুমারী ও অন্যান্য পুর-বাসিনীগণ।

(ক্ষেমার প্রবেশ)

[illegible]মণি। ওমা ক্ষেমা, এরা আসছে কি?

ক্ষেমা। [illegible]! যা বলেছ তাই। বড় দাদার একে ই মেজাজ্, বিলেত থেকে ঠিক্ ইংরেজ্ সেজে এ[illegible] ছোড়দাকে দেউড়িতে কাপড় ছাড়িয়ে ইজের [illegible]

পরিয়ে তবে ওপরে আসছেন্। ঐ দেখ তোমার বড্ড ব্যথার সামগ্রী সং সেজে আসছেন্।

কমলমণি। তাইত। ওমা একি গো! ও খোকা! সারদা অমন চোক বুজে আসছে কেন?

(চক্ষু বদ্ধ সারদাকে লইয়া বরদার প্রবেশ)

সারদা। Hallo my mother—no mention—no mention; আমি আপনাদের অমর্য্যাদা করিবার ঘুণাক্ষরে ও ইচ্ছা করিয়া চক্ষু বুজিয়া আসি নাই, আমার সভক্তি অভিবাদন গ্রহণ করুন।

কমলমণি। একি খোকা! আমি ত বাবা কিছুই বুঝতে পাচ্ছিনা।

বরদা। মা! বিলেত সমাজ খুব সভ্য কিনা, সেখানে অনেক দিনের পর—বাপ মায়ের সঙ্গে ছেলেদের দেখা হলে যেমন করে—দাদাও সেখান থেকে শিখে এসে তেমনি করছেন। মা! তাদের মতন হতে পারলে আমাদের দুই ভাইকে আর পায় কে? (Lecture সুরে) আমরা মা ঢাল তরওয়াল চাইনা, আমরা লাঠি সোঁঠা চাইনা, সাহিবি বক্তৃতার স্রোতে সমস্ত বাঙ্গালাকে—

ক্ষেমা। ছোড়দা! তুমি থাম বাবু, আবার তোমার মাথা [illegible] হোয়ে উঠবে? বাবা তোমায় চেঁচিয়ে কথা কইতে করেন তা জান?

সারদা। ভগ্নি! আমার প্রীতি সম্ভাষণ ধর এবং [illegible] হইতে শীঘ্র পলায়ন কর, মাতাকেও সঙ্গে লইয়া যাও।

ক্ষেমা। ওমা! পালাতে বলে কেন গো?

কমলমণি। ও সারদা—পালাতে বলছিস্ কেন বাবা ?

সারদা। পালাইতে বলিয়াছি চক্ষু চাহিব বলিয়া, তোমাদের চক্ষু চাহিয়া দেখিতে হইলে আমি লজ্জাবতী লতার ন্যায় গুড়াইয়া যাইব। ছি ছি ছি, বলিতে লজ্জা করে! মাতা বাঙ্গালা কাপড় পরিধানী, ভগ্নী বাঙ্গালা কাপড় পরিধানী অসভ্য দাস দাসী গুলা উলাঙ্গিনী—হা! বাঙ্গালা দেশ তোমার হত ভাগ্য পুরুষগুলাও সব উলঙ্গ। Oh shame! Oh shame!

কমলমণি। ওমা ক্ষেমা দেখনাগা তোর দাদার কি হোয়েছে অমন আবল তাবল বক্‌ছে কেন ?

বরদা। উনি মেয়েদের কাপড় পরা দেখতে পারেন না মোটা মোটা গাউন না হয় ঘাঘরা ওঁর পছন্দ। আর তাই আমরা দেশের সকল মেয়েদের পরাবার জন্য বিরাট আন্দোলন করবো। সম্প্রতি উনি তোমাদের ঘাঘরা ব্যবহারের ব্যবস্থা করতে চান।

ক্ষেমা। আমরা ঘাঘরা পরে ওঁর সুমুখে এলে তবে উনি চোখ খুলবেন? আমার ত হাড়ে তা হবে না। তা ওঁর চোক্ থাকুক্ আর যাক্।

কমলমণি। বালাই—চোক যাবে কেন? সারদা! বাবা ছিঃ আমরা বাঙ্গালির মেয়ে আমাদের কি ঘাঘরা পরতে আছে? লোকে যে নিন্দে করবে! চোক খোল বাবা বিলাতের দুটো গল্প বল। ও বাড়ীর মেজ ঠাকুরুণ ...ন বিলেত গঙ্গার এ পারে, সত্যি কি বাবা ?

সারদা। Nonsense!

কমলমণি। খোকা তুই ও সাহেবের পোষাক খুলে ফেল্। ছিঃ তোমার ত বাবা ওসব কখনও নেই, লক্ষ্মিটী খুলে ফেল। সারদাকে দুদিন বাদে কর্ত্তা এলে কাপড় পরাবো।

বরদা। দাদার Programme মত চল্‌তে হ'লে এ পোষাক আমাকে পরতেই হবে, না হলে কার্য্য হবে না। ধুতি চাদরে সাহেব লোক গ্রাহ্যই করে না।

সারদা। ভাই! শুধু তাই নয়, আমি Scientifically prove করতে পারি বাঙ্গালির কাপড়ে চোপড়ে আলস্য মাখা-মাখি রহিয়াছে। অসভ্যতা ও অশ্লীলতার প্রধান চিহ্ন বাঙ্গালির কালাপেড়ে ধুতি, পাছা পেড়ে শাড়ী ইত্যাদি ইত্যাদি—দেখ মাতা! মেম সাহেব কেমন গাউন আঁটিয়া মমের পুতুলটী হইয়া স্বামীর Coat এর লেজ ধরিয়া ঘুরিয়া বেড়াইতেছে, যেন ছবিখানি! বাঙ্গালির ঘরে ঘরে—হায় বাঙ্গালীর কুটীরে কুটীরে এমন ছবি কবে দেখিতে পাইব!

হেমন্ত। এ কি ঠাকুরঝি! বঠ্‌ঠাকুরও যে সেই থিয়েটার ওয়ালাদের মত টেনে টেনে সুর করে কথা কয়।

ক্ষেমা। ওলো ছুঁড়ি ও সব বিলিতি কথা কওয়া।

সারদা। (অল্প পরিমাণে চক্ষু খুলিয়া) ভগ্নি! ওই কোকিল-কণ্ঠী কে উনি?

ক্ষমা। ও বাড়ীর চন্দ্রদাদার বউ।

সারদা। Oh ভাদ্র বধূ! অত লজ্জাবতী ম্রিয়মানা কেন? আর ওরূপ এক হাত ঘোম্‌টার ভিতর কেন? ভাদ্র বধূ বিলাতী মতে আদরের জিনিষ, Embraceর। সামগ্রী,

এস তবে আমার হাত ধরিয়া নাচিয়া গাইয়া বঙ্গীয় ভাত বধূবর্গের চক্ষু ফুটাইয়া দাও। (হস্তধারণে অগ্রসর)

হেমন্ত। ও ঠাকুরঝি একি ভাই! একি ভাই! (সরিয়া যাওন)

ক্ষেমা। ওমা একিগো!

কমলমণি। ওরে ওকিরে? জাত যাবে যে? প্রাচিত্তির কর্ত্তে হবে?

(বামনদাস বাবুর বেগে প্রবেশ।)

বামন। ওরে গুয়োটা করিস্ কি? করিস্ কি? ভাদ্র বোয়ের হাত ধরছিস্, মা বোনকে গাউন পরাচ্ছিস! হতভাগা হুর্ম্মুস্ বেটা! বেটা আমার বড় লক্ষণযুক্ত ছেলে! আমি বলি ঘরের ভেতর নানান কথা কয় কে? পাশ থেকে দাঁড়িয়ে শুনি, আমার অকাল-কুষ্মাণ্ডের ভগ্নিকে গর্ভ-ধারিণীকে বিবি সাজাবার পরামর্শ হচ্ছে। এই যে এ ঘ্যাটাকেও ফিরিঙ্গি সাজিয়েছে। পালাস কেন হারাম জাদা?

(বরদার পলায়ন)

(সারদার প্রতি) তুমি বাপু বিলেতে ছিলে বেশ ছিলে, আমিও বেঁচে ছিলুম; আবার কেন ভোগাতে এলে বাপু?

সারদা। আপনি আমার পিতা হইতে পারেন, আমি মান্য করিতে পারি, কিন্তু একজন ভদ্রলোক আর একজন ভদ্রলোকের এরূপ তাচ্ছল্য ও অপমান সূচক সম্ভাষণ কখনই সহ্য করিত না. Duel করিত।

বামন। অপরাধ হয়েছে বাপু! এখন এয়েছ, কৃতার্থ করেছ, ঐ উত্তর দিকের বৈঠকখানাটী খুলিয়ে দিচ্ছি, খাও দাও থাক। কিন্তু বাবা, ডাল ভাত বামুন রান্না দুবেলা, তাতে ছুট্ হাট্ করত বাড়ী থেকে তফাৎ হয়ে, যেমন কর্ত্তে তেমনি করগে। আমি বেটা যে খেটে এনে অমন দুর্ম্মুখকে চিরকাল পুষ্‌ব তারি বা মানে কি? আমায় কেউ বোঝাতে পারে তবে বলি বেটা ছেলে।

কমলমণি। তোমার বড্ড অবিচার কিন্তু, মনে কর কতক গুনো বিঁদিয়ে বিঁদিয়ে বলতে পাল্লেই হলো। ছেলে কত কালের পর এলো, আদর করা চুলয় গেল, উল্টে বকুনি। এত আমার হারা নিধি পাওয়া গা। উকি আর আসতো একেবারে বিবাগী হয়ে গেছলো তাত জান?

বামন। তুমি তোমার হারা নিধি নিয়ে থাক, এখন আমার মাথায় আগুন জ্বলছে। এক খানা দলিল ফেলে গিয়ে আচ্ছা নাকাল হইছি, কালই বর্দ্ধমানের মোকদ্দমা শেষ হতো, দলিল আনার জন্য আবার দুদিন দেরি পড়লো। দাওগো সিন্দুকের চাবিটে দাও, দলিল নিয়ে আবার এখুনি তিনটের গাড়িতে রওনা হতে হবে।

কমলমণি। এই নেও।

ক্ষেমা। সে কি বাবা কিছু খেয়ে দেয়ে নাও।

কমলমণি। তাইত, এইএলে আবার এই যাওয়া? না হয় আ নাই গেলে।

বামন। আমি মকদ্দমাটী থোয়াই, সাহেবের পো অগ্নিশর্ম্ম হোক্। (সিন্দুক খুলিয়া দলিল লওন)

মা কিছু খেতে বলচিস মা? তা চ ঐ সিঁড়ির ঘরে কিছু খাবার দিবি চ, আমার সময় বেশীনাই। ঝি, মেধো বেটাকে তামাক নিয়ে আসতে বলে দে।

(সারদা ব্যতিত সকলের প্রস্থান)

সারদা। তাইত সব যে কর্ত্তার পাছে পাছে (সিন্দুক দেখিয়া) Allright যা খুঁজি তাই মেলে। সিন্দুকে যে চাবিটে লাগান রোয়েছে ?

(বরদার প্রবেশ।)

বরদা। দাদা কি মুস্কিলেই পড়ে ছিলেম, এমনি লজ্জা হলো।

সারদা। লজ্জা পরে করিও। এখন Practical man হইয়া উপস্থিত মত এক কার্য্য করিবার সুযোগ পাইয়া হেলায় হারাইওনা। তুমি না ভয় পাওত বলি।

বরদা। বলনা দাদা—

সারদা। আমাদের সমাজ সংস্কার ব্রতে টাকার দরকার, সম্প্রতি বেশ্যা বিবাহে বিশেষ দরকার, পেলারাম নগদ চেয়ে গেল জান্‌ত? ঐ দেখ টাকার কাঁড়ি, যক্ষের সিন্দুকের চাবি খোলা, বেশি বিলম্ব নয়, চতুর পিতার এখনই মনে পড়িবে, সব ফস্কাইয়া যাইবে। ভাই নোটের তাড়াকে তাড়া উঠাইয়া লও।

রদা। আমি চুরি করব কি করে ?

চুরি করবে কি করে ? হাত তুলে ভাত খাও কি রে ? এই দেখ এই এমনি করে চুরি কর্ত্তে হয়।

(নোটের তাড়া চুরি করন)

অম্‌নি ভুলে গেল? বেটা আপনার কোটে পেয়ে যা ইচ্ছা তাই বল্‌ছে—তোর বাবুদের টাকা কাল ফিরে আনিস্, আমি এমন জায়গায় থাক্‌তে চাইনে।

(যাইবার উপক্রম)

পেলা। ছি দিদি! তুমি ঠাট্টা বুঝ্‌তে পারনা, তুমি হলে সহরের টেক্কা, তোমার সঙ্গে দেখা করা কি অম্‌নি যে সে কথা? তোমার বিবিয়ানা ঢং শুনে আমার সাহেব বাবুদের মাথা ঘুরে গেছে। তাঁরা আড়ালে আব্‌ডালে থেকে তোমার রূপ দেখে তবে এসে দেখা কর্‌বেন। এখন বুঝ্‌লেতো? ঐ চৌকিতে বেশ বিবিয়ানা ঢঙে বসে এক খানা গান গাও দেখি, এক্‌শ ছেড়ে হাজারে ঘা পড়বে এখন।

ল্যাভেণ্ডার। মর্ বেটা তাই কোন্ ভেঙ্গে বল্লি? তুই যা তোর বাবুদের ডেকে আনগে যা আমি ততক্ষণ এইখানে বসে গান করি—

প্যালা। বহুত আচ্ছা বিবিসাব্। (প্রস্থান।)

(চৌকিতে বসিয়া গীত।)

গীত।

প্রাণ দেবো বলে সাধ করেছি বাদ্ সেধো না সই।
এ ভরা যৌবনের ভারে আমার আমি নই।
আমার দিন কাটেত রাত কাটে না,
উথ্‌লছে প্রেম আর থাকে না;
আমার জোয়ার গাঙ্গে বান্ ডেকেছে বাঁধ ভেঙ্গে থৈ থৈ॥

পেলারামের সহিত সারদা ও বরদার দুরবীন হস্তে দূরে বৃক্ষতলে প্রবেশ।

পেলারাম। বড় বাবু ঐ ঐ—ঐ দেখ।

সারদা। Rascal বড় বাবু কে? বল্ বড়সাব।

পেলারাম। যে আজ্ঞে ঐ তাই হলো। এখন ও ধারটায় চেয়ে দেখুন।

সারদা। ভাই! ভাই! তোমার যে চক্ষু ফিরিতেছে না; আমার দৃষ্টি খর নয় সুতরাং Telescope ব্যবহার করিতে বাধ্য হইতে হইল। (দর্শন) Ah! Ah! a fair specimen of our Oriental beauty! কবি Shakspeare's প্রকাণ্ড কল্পনা প্রসূত নাগর Romeo হইলে বলিত—

"It is the east and Juliet is the sun.
Arise fair sun and kill the envious Palaram."

শালা আচার্য্যি বাচ্ছা, এ কি তোর মিসি দাঁতি তেল চুকচুকি পরদার বিবি পেয়েছিস্? তাই হাঁ করিয়া গিলিতেছিস। এ রত্ন তোদের জন্য নহে, এ রত্নের ন্যায্য অধিকারী হইতে পারি আমি বা আমার ভাই Mr Baroda Das Guni! ভাই, প্রথম দর্শনে তোমার বক্ষ শিহরিল কি না?

বরদা। দাদা সরলা-ললনা-ছলনা-বিহীনা
মরাল-গমনা সাজে-বিবিয়ানা

এবে চাই জানা বিয়ে করে কি না?
কি করে জিজ্ঞাসি দাদা গো বলনা?

সারদা। দৌড়িয়া গিয়া—হাত খানি ধরিয়া—একবারে গলিয়া গিয়া—হাঁটু গাড়িয়া বসিয়া বা শুইয়া—কেবল দাঁড়াইয়া নয়—তোমার জন্য মরি মরি মরি বলিয়া Love declare করিয়া সজোরে এক চুম্বন—দাঁত না ঠেকে—তাহা হইলেই জিৎ, নইলে Ruffian বলিয়া তিরস্কৃত হইয়া বড় লজ্জা সরমের ঝাপ্টা খাইতে হইবে।

বরদা। দেখি দাদা পারি কি হারি—

ল্যাভেণ্ডার। পোড়ার মুখো কোথয় গেল? ওরে প্যালা!

প্যালারাম। টুঃ—

(বরদা অগ্রসর হইয়া)

বরদা। (হাঁটু গাড়িয়া বসিয়া হাত ধরিয়া) Dear Dear! আমি আমার দাদার আজ্ঞায় তোমার সুগোল সুঠাম হাত খানিতে চুম্বন করি। (চুম্বন) আমি তোমায় যে ইংরাজি ধরনে ভাল বাস্‌ছি এই তার প্রথম লক্ষণ; পরে পরে যেমন শিখ্‌ব তেম্‌নি তেম্‌নি কর্‌ব। My dear! তোমার নাম কি?

সারদা। Capital! Bravo!

লেভেণ্ডার। আমার নাম বাপু লেবেণ্ডার কুমারী!

বরদা। Ah! এমন নাম, এমন মধুমাখা নাম! হে Essence of লেভেণ্ডার কুমারি! লেভেণ্ডারএ কুমারী add কর, আমি কি বুঝতে পারি যে, তুমি miss লেভেণ্ডার বিবাহের জন্য প্রস্তুত হয়ে আছ?

লেভেণ্ডার। বিবাহ কি বাবু? আমার বিবাহত হয়ে গেছে।

বরদা। সেকি! সেকি! [illegible]—ও হো হো প্রাণ ফেটে যায় জিজ্ঞাসা কর্ত্তে কার সঙ্গে—[illegible]র—কোথায় বিবাহ হলো?

লেভেণ্ডার। ওগো বাবু! আমি ডাগর হতেই মা আমার সঙ্গে তরওয়ালের বে দিয়ে তুলে রেখেছেন।

বরদা। বিষম বিস্ময়ের কথা! নির্জ্জিব তরবারি বিবাহ কল্লে? আর এই সজীব রক্ত মাংস বিশিষ্ট বিদ্বান বুদ্ধিমান সমাজের অধিনায়ককে পাছু হটে যেতে হবে? সুন্দরি! আমি যে অনেক আশায় এসে তোমার হস্ত চুম্বন করলেম! শোন, তোমায় বুঝিয়ে বলি, দাদা ও আমি সমাজ সংস্কার কর্‌বো। ভারত মাতাকে মৃত্যু শয্যা হতে বাঁচাব বলে আমরা দৃঢ় প্রতিজ্ঞ—তাই সাহিবি পোষাক পরেছি, বেশ্যাকন্যা বিবাহ কর্ত্তে অগ্রসর হয়েছি, কারণ এতদুভয় কার্য্য না করলে সোনার ভারত কখন স্বাধীন হবে না। লেভেণ্ডার কুমারি! আমি তোমায় বিবাহ কর্ত্তে চাই।

লেভেণ্ডার। কি বাবু ঠাট্টা করছেন কেন? এসেছি আমোদ আহ্লাদ কর্ত্তে তাই চলুন, বাজে কথায় কাল কাটালে কি হবে বলুন? এ পোড়া জাতকে আবার ভদ্র লোকে বিবাহ কর্‌বে? কলি ওল্টালে যদি হয়।

বরদা। না না আমি সত্য বলছি। ঈশ্বরকে সাক্ষ্য করে বলছি, এই কলিতেই আমরা বেশ্যা বিবাহ প্রচলন

করবো। প্রেমময়ি! আমায় প্রেমদান কর, আমি তোমার জন্য বড় ব্যাকুল। (ক্রন্দন)

লেভেণ্ডার। ও বাবু! সত্যি নাকি? তুমি যে কেঁদে ফেল্লে?

বরদা। সৌন্দর্য্যময়ি! কাঁদবোনা? তুমি "না" বাক্যউচ্চারণ করলে আমি তোমার চরণ প্রান্তে আত্মহত্যা হব। আমায় বিবাহ কর। আমি তোমায় গড়ের মাঠে ইডেন্ গার্ডনে হাওয়া খাওয়াব, সাহেব বিবির Partyতে Ball এ নাচাব, গাওয়াব, তোমায় হিন্দু সমাজে আজন্ম স্বাধীনা রমণীর আদর্শ স্বরূপে প্রকাশ করবো। তোমার দৃষ্টান্তে হিন্দু-রমণী-সমাজে যুগান্তর উপস্থিত হইবে। তোমার নাম ভারত ইতিহাসে স্বর্ণাক্ষরে খোদিত থাকিবে। তাই বলি বিলাসিনি আমায় বিবাহ কর!

লেভেণ্ডার। (স্বগতঃ) একি পাগল না কি? আমি ত কিছুই বুঝতে পাচ্ছিনি।

বরদা। লো ভালবাসাময়ি! হিন্দু শাস্ত্রে বলে "মৌনং সম্মতি লক্ষণং" তুমি নিরবে কি সম্মতি প্রদান করলে? তবে আর আমায় কে পায়! দাদা গো! শীঘ্র এসে দেখ, তোমার প্রাণের ভ্রাতা আজ স্ত্রীরত্নং দুষ্কুলাদপি মস্তকে ধারণ করে, জগৎ বিখ্যাত হতে চল্লো। ওরে পেলারাম! দাদাকে সঙ্গে করে শীঘ্র আয়।

লাভেণ্ডার। ও বাবু তুমি কি বল! আমরা বেশ্যা, বেশ্যার মেয়ে, আমাদের কি বিবাহ হয়? বিশেষ মাকে ছেড়ে, ঘর বাড়ী ছেড়ে, ইয়ার বন্ধু বাবুভেয়েদের ছেড়ে, আমি কি কুলের কুলবতী হতে পারি? ওকথা ছেড়ে

দাও, এখন চল, বৈটক খানায় গিয়ে আমোদ প্রমোদ করিগে।

বরদা। হায় কি হলো? "স্বর্গ হতে রসাতলে দারুণ পতন" আমার গলায় দড়ি দিয়ে মরা উচিত। দাদা! দাদা! (ম্লানমুখে আসিয়া সারদার নিকট উপস্থিত।)

সারদা। Baroda Dass ভাই! What's the matter with you? I will arrange the bridal ceremoney তোমার কোন দুশ্চিন্তা নাহি থাকুক। কথা কহিয়া বল কি হইল।

বরদা। ছাই হলো। দাদা কুমারী বিবাহ করিতে চায় না।

সারদা। চাহিল না কেন? Gallantry দেখানর বুঝি তোমার কিছু অভাব হইয়াছিল?

বরদা। তা নয় দাদা! কুমারী বলে, ওর মাকে ছেড়ে, ঘর বাড়ী ছেড়ে, আর ওর ইয়ার বন্ধু বাবু ভেয়েদের ছেড়ে, আমার অর্দ্ধাঙ্গী হতে পারে না।

সারদা। ইয়ার বন্ধু ছাড়িতে হইবে না, স্বাধীনা রমণীর তাহাতে কোন বাধা করিতে পারে না। বাড়ী ঘর ভাড়া দিয়া আসিলেই হইল, তবে মাকে ছাড়িয়া আসা,—আচ্ছা সেও ত বেশ্যা? স্বাধীনা রমণী? পেলা ঠাকুর! উহার মাতার বয়স কত?

পেলা। এখনও জোয়ান আছে, মেয়ের চেয়ে আমার ত বাপু—তা যাই বল—মাকে—

সারদা। তা যদি হয়, তোমার আর ভাবনা নাই। আমি তোমার ও স্বদেশের উপকারার্থে ঐ কুমারীর কুমন্ত্রী

মাতাকে বিবাহ করিতে পারি, তাহা হইলেত মাকে ছাড়িয়া আসিতে হইবে না। পেলা ঠাকুর! আর বিলম্ব নয়, তুমি উহার কুমারী মাকে সমেত এক গাড়ী করিয়া লইয়া আইস। I will see then কি করিয়া উঠিতে পারি।

পেলা। সে বেটী বিষম ঘাগী, ভাল দেখাই যাক্ কদ্দূরের জল কদ্দূরে মরে।

(পেলার প্রস্থান।)

(সারদা ও বরদার লেভেণ্ডারের নিকট গমন।)

লেভেণ্ডার। ইনি কে?

বরদা। উনি দাদা।

সারদা। I introduce myself to you miss Lavendar, as a fond suiter of your mother miss so-and-so. আমি পরিচয় দিতেছি তোমার নিকট, তোমার কুমারী মাতার প্রেমপ্রার্থি স্বরূপ! Do you under stand me?

ল্যাভেণ্ডার। কি বল বাবু, তোমাদের কথাবার্ত্তার ভাব্‌ত আমি বুঝতে পারি না। পেলা বেটা কি আমায় পাগলা গারদে পুরে দিয়ে গেল নাকি?

সারদা। হাঁ miss, আমরা দুই ভাই স্বদেশের উপকারার্থে পাগল হইয়াছি! এখন সাদরে জিজ্ঞাসা করি, তোমার মাতার বয়স কত? রং কেমন? রসিকা কিনা? Wool বুনিতে বই পড়িতে—নাচিতে—গাইতে—ইংরাজি ঢঙে চাল চালিতে সক্ষমা আছেন কিনা?

্যাভেণ্ডার। একি কথা, বাবু! আমায় পাঠিয়ে দাও আমার বড় ভয় হচ্ছে, পোড়ার মুকো পেলা কোথ গেল? এবার বাড়ীতে মাথা গলালে হয়—ঝ্যাঁটামে বেটার বিষ ঝেড়ে দেব।

ারদা। পেলারাম তোমার কুমারী মাতাকে আমার সহি বিবাহ দিবার জন্য আনিতে গিয়াছে!

্যাভেণ্ডার। আঃ! এমন জ্বালাতেও মানুষ পড়েগা, বা তোমরা কি পাগল নাকি?

ারদা। বাবু বলিও না—সাহেব বলিলে আমাদের ঠিক বল হয়! শিক্ষিতা রমণী হইয়া এরূপ অপমান সূচক বাক প্রয়োগ করিলে, বাঙ্গালা দেশ কখনও স্বাধীন হইবে ন ইহা নিশ্চিৎ। এই যে পেলারাম আসিতেছে সঙ্গে, ছি ছি-ছি-উলাঙ্গিনী সেই তোমাদের ছাই কাপড় পড়িয় আসিতেছে, ভাই! বুঝি আমার বিবাহের সাধ ফুরা বিবিয়ানা না হোক্, অন্ততঃ আয়ায়ানা হইলেও আমা চক্ষু জুড়াইত, বক্ষ শিহরিত, আলিঙ্গনের জন্য হস্তদ্ব আপনা আপনি উঠিত! আমি ইহা দেখিতে পারি না পলাইয়া গাছের আড়ালে লুক্কাইতে হইল।

(সারদার পলায়ন—পশ্চাতে বরদার প্রস্থান)

(লালনমণিকে লইয়া পেলারামের প্রবেশ।)

লালনমণি। হ্যাঁলা নেড়ি! কি হয়েছে বল্‌ত? এ বেটা বি বিয়ের কথা বলে, আমিত বুঝতে পারি না।

ল্যাভেণ্ডার। ওমা! এটা পাগ্‌লা গারদ, পেলাবেটার মনে কিছু

কু অভিসন্ধি আছে, তাই আমাদের হেথায় নিয়ে এসেছে! দুটো বাবু ফিরিঙ্গীর পোষাক পরা, বলে তারা দুই ভাই; ছোট বেটা আমাকে বে কর্‌তে চায়, আবার বড় বেটা তোমায়—ওমা! হাস্‌তে নাড়ী ছিড়ে গেল, এতক্ষণ হাসি চেপে আমার পেট ফুলে উঠ্‌ছিল, বড় বেটা তোমায় বে কর্‌তে চায়!

লালনমণি। হ্যাঁরে পেলা! কি বল্‌তো?

পেলারাম। দু বেটা দু পাগল; বড় বেটা আজ তিনদিন হ'ল বিলেত থেকে এয়েছে, ছোটোটাও তার সঙ্গে মিশেছে; দুটোতে বলে, বেশ্যা না বে কর্‌লে ভারত স্বাধীন হবে না, তাই তোমাদের বে কর্‌তে চায়!

লালনমণি। ওঃ হরি! বুঝেছি, বেটারা সহুরে জুচ্চোর, দেখেছে কিনা আমার মস্ত বাড়ী ঘর, অনেক টাকার কোম্পানীর কাগজ, তাই লোভে পড়ে এই এক ধুয়ো তুলেছে। আমি বেটি কত বেটাকে পথের ভিখিরি করেছি, এই কাজ করে জন্ম গেল, দুর্‌ দুর্‌! চ-প্যালা চ, আমাদের গাড়ীতে তুলেদে আস্‌বি চ!

পেলারাম। তুই বেটি নেহাত বোকা! বেটাদের ঘাড় ভেঙ্গে কিছু আদায় কত্তে পারিস্‌ তো ছাড়িস কেন? দু বেটার অনেক টাকা আছে, বে ক'র্ব্ব বলে কিছু টাকা বার করে নে, শেষে গলাধাক্কা দিলেই হল!

লালনমণি। বেটাদের পয়সা কিছু আছে নাকি? না, আমার তো বোধ হয় না, তা হলে বেশ্যার পয়সায় লোভ কেন

পেলারাম। তা নয় রে মাগি তা নয়, ও দুবেটা বে-পাগল

হয়েছে, যে কর্‌ব বলে টাকার কান করে বসগে যা,
তোদের নিশ্চয় কিছু লাভ হবে, হাতের লক্ষ্মী পা দিয়ে
ঠেলিস্‌নি!

লালণমণি। আচ্ছা তুই বোলছিস্‌, চ দিকিন্‌ একবার বেয়ে
চেয়ে দেখিগে।

ল্যাভেণ্ডার। আর এদিকে যে কাল একটার গাড়িতে বাব
আর তোর সাহেব জামাই এসে পৌঁছবে!

লালণমণি। চনা, তার আগে যদি সদ্য সদ্য কিছু আদায় হয়
ছাড়ি কেন?

ল্যাভেণ্ডার। না বাবু আমার ভাল লাগছেনা, কাজকি ওসব
হাঙ্গামে!

লালণমণি। ওরে ছুঁড়ি, হাঙ্গাম না হলেকি বেশ্যার দৌলত হয়
হাঙ্গামই আমাদের লক্ষ্মী তা জানিস্‌? গো মড়কেই
মুচির পার্ব্বণ! চ প্যালা—তোর বাবুদের সঙ্গে দেখ
করি গে!

পেলারাম। এইখানে ছিল—কোথায় গেল?

ল্যাভেণ্ডার। মাকে আস্‌তে দেখে, কাপড় কাপড় করে ব
বেটা ছুটে পালাল—সঙ্গে সঙ্গে ছোট্‌টাও পালাল—

লালণমণি। কেন? কেন?

পেলারাম। আরে মাগি! ওরা বিবি বিয়ে কোত্তে চায়; ম
করেছিল—ল্যাভেণ্ডারের মত তুমিও মেম সাহেব সে
আস্‌বে, ও বেটার কথা কোয়না, বাড়িতে ঢুকে মা
বন্‌কে বলে, তোমরা বাঙ্গালির মত কাপড় পরে র
কেন? নেহাৎ গাউন পর্‌তে না পার—আমাদের মত

সেজে থাক্‌লেইত হয়. বেটা আকাট মুর্খ! বিলেত থেকে এসে গোবর গণেশ হয়েছে।

লালণমণি। তবে তো বেটা না পট্‌তেও পারে।

পেলারাম। সে সব আমি গুছিয়ে নেব এখন; কিন্তু পেলারাম বলে ক'য়ে খালাশ—ছেঁাড়া দেখে শেষে যেন গোড়িয়ে পড়না!

লালণমণি। দূর বেটা হতভাগা! আমি প্রায় কিনা ছেঁাড়া খুঁজেই বেড়াই!

পেলারাম। তা তোমার তো ছেঁাড়ার কারবার খুব ফ্যালাও বলেই শোনা যায়। এখন চল—টাকা পেলে প্যালাকে কিছু কমিসন্ দিও!—

(সকলের প্রস্থান।)

চতুর্থ দৃশ্য।

(লালনমণির বাটীর প্রাঙ্গন।)

(সারদা ও বরদার প্রবেশ।)

বরদা। দাদা! এই শেষ অনুরোধটি আমার রাখতে হবে! এ বাটীতে বিবাহ কার্য্যটা পুর হিন্দুমতে হ'লে আমার মনঃপুত হয়! তার পর কাল তখন দস্তুর মত রেজেষ্টারি করে আসা যাবে!

শারদা। ভাই! এ বিষয়ে আমায় আর বলিতে যাওয়া বাতাসের সহিত লড়াই করা। আমি সব করিতে পারি,

কিন্তু সেই সাত সমুদ্র তের নদী পারে বসিয়া যে, ভারত উদ্ধারের Programme করিয়াছি, তাহার একটি অঙ্গহীন হইতে হইলে আমার সকল কার্য্য পণ্ড হইয়া যাইবে! সে ফ্‌ রেজেষ্টারি হইলেই আইনে যে বিবাহ সিদ্ধ বলিয়া গন্য করা যায়। তোমার প্রথম অনুরোধে তজ্জন্য পুরোহিত লইয়া মন্ত্র পড়িয়া মিছা মিছি সময় নষ্ট করিতে স্বীকৃত হইলাম, তোমার দ্বিতীয় অনুরোধে তোমার মাথায় টুপির পরিবর্ত্তে সেই heathenish টোপর পরিতে দিয়াছি। তোমার তৃতীয় অনুরোধে আচার্য্য পুত্র পেলারামের হস্তে বিবাহ কার্য্য অর্পণ করিলাম, তবে এ clauseটায় একটা amendment জুড়িয়া দিতে পারিয়াছি, এই যে পেলারামের বেশ ভুষায় কতক বিলাতি ভাব সংরক্ষিত হইবে, ও শুদ্ধ কিড়ি মিড়ি না আওড়াইয়া, পেলারামকে যে বিলাতি marriage system এর বাঙ্গালা তরজমা করিয়া দিয়াছি, পুলপিটে দাঁড়াইয়া তাহা বলিলেই হইবে। একি! পুলপিট কই? ও পেলারাম? পেলারাম Priest কোথায় হে? (কতক বাঙ্গালা ও কতক ইংরাজি ধরনের পোষাক পরিয়া পেলারামের প্রবেশ।)

পেলারাম। I sir, here sir, বিয়ে বাড়ির জোগাড়ে Sir, আর তো No one নেই, জান ছোট বাবু! কাকস্য পরিবেদনা, যত খাটুনি পেলারামের, পেলা খাটু আর গলা ভেজা। বড় বাবু! থুড়ি, সাহেব্‌ Sir! টাকার যোগাড় ঠিক All right আছে তো?

সারদা। হাঁ রে গর্দ্দভ! এখন তোর দাঁড়াবার পুলপিট কই?

পেলা। No পোষ মাস Sir! সুতরাং No পুলিপিটে Sir!

সারদা। আরে মুর্খ, তা নয়! তোর দাঁড়াবার বেদি কই? কিসের ওপর থেকে Benediction Pronounce করবি?

পেলা। সে জোগাড় All right sir! পিপের বন্দোবস্ত আছে।

সারদা। (ঘড়ি খুলিয়া) Past Twelve, বেলা বড় Advanced, আর বিলম্ব নয় Bride দের Call কর।

বরদা। পেলারাম কনেদের ডেকে আন, আর তোমার পিপেটা গড়িয়ে এনে মাঝে দাঁড় করাও।

পেলারাম। All right কচ্ছি Sir! (পিপে ঠিককরণ) টাকাটা বিবিদের আগে দেখাতে হবে, তার পর ডান্ হাত বাঁ হাত। বের মন্তর আওড়ান শেষ হতে একটু বাকি থাকৃতে, ঐ পিপের ভেতর নোটের তাড়া ফেলে দিতে হবে।

সারদা। Very Good, ভাই চোদ্দ কেতা ১০০ টাকার নোট দেখাইয়া দাও, মায়ের চারশত, মেয়ের হাজার; ও রে পেলা Priest বিবাহার্থিনীদ্বয়কে বারাণ্ডার উপর হইতে দেখিতে বল।

পেলা। বিবি সাহেবেরা! বারেণ্ডা থেকে ওঁকি মেরে একবার চোদ্দশয়ের চোদ্দ কেতা নোট দেখে নাও। বড়বিবির আর সাজ হয় না, বেটী সাজবেন্ তো আয়া, তার আবার ঠাট কত! বলেন লজ্জা করে। ঐ যে! দেখাও ছোট বাবু! থুড়ি-ছোট সাহেব! (নোট দেখাওন)

ভালকরে চার চকে চেয়ে দ্যাখ, এরপর আমায় দুষোনা,
All right, হয়ে গেছে Sir।

সারদা। আর বিলম্ব কেন? ওঁদের ডাকিয়া তুমি Priestয়ের মত গম্ভীর ভাবে ঐ পুল্‌পিটে আরূঢ় হও।

পেলা। যে আজ্ঞে Sir! (পিপায় দাঁড়াইয়া) এস গো বিবি সাহেব! লগ্ন বয়ে যায়।

(লালন মনিও ল্যাভেণ্ডারের সোপান হইতে অবতরণ)

বরদা। দাদা! দাদা! দেখ কি স্বর্গীয় সৌন্দর্য্য!

সারদা। Ah! Beautiful! superbly dressed! Sylph like modesty! Fairy like majesty! A pair of fair brunettes in Maiden meditation fancy free! Let us be free with our sweet hearts my dear Brother! Come come dear! (লালনমণির হস্তধারণ)

বরদা। এস-এস আমার-আমার-আমার জীবন-দায়িনি সপ্তসর্গ স্বরূপিনি মন্ প্রাণ সন্তোষিনি! (ল্যাভেণ্ডারের হস্তধারণ

পেলা। অরুচির রুচি কচি আঁবের অম্বল্ রূপীণি! Take Take Take, নটেক্ নটেক্ একবার তো See, আমার সেকেন্ করজি।

সারদা। ছি ছি Priest Be quite, এখন তোমার চোতা বাহির করিয়া আমাদের এই civil Marriage এর মন্ত্রপাঠ করিতে থাক, ভায়াও এক এক খানি নোট ঐ পিপার মধ্যে ফেলিতে থাকুন্। কেমন Maidens! All's well, that ends well, এখন আইস সকলে একবার Amen টা Rehearsal দিয়া লই, একস্বরে এক লয়ে

অনেক বার Amen বলিতে হইবে, সকলে এক স্বরে বল Amen।

সারদা ও বরদা। Amen

ল্যাভেণ্ডার। Amen

লালনমণি। আমিন্ না কি বল বাবু বুঝতেই পারি নি।

সারদা। হইল না, এক সঙ্গে হইল না। আচ্ছা আমি এক দুই তিন বলিলে সকলে Amen বলিবে, এক দুই তিন।

সকলে। Amen।

সারদা। Bravo! All right! সকলে আইস, আপন আপন সত্ত বুঝিয়া লইয়া, হাত ধরা ধরি করিয়া, হাঁটু গাড়িয়া বসিয়া পড়ি (উপবেশন) Priest পেলারাম! আরম্ভ কর।

পেলা। সকলে বল, অপবিত্রং পবিত্রবা সর্ব্বাবস্থাং গতোপিপা, যস্মরেৎ কুণ্ডুলি কাক্ষং স্ববাহ্যে ভ্যান্তর স্থচি, অদ্য চৈত্রে মাসি অমাবস্যাং তিথৌ আলমাল্ গোত্রস্য সারদা বরদা গুঁই আরং স্বকন্যাং কুমারিং লালনমণিং ব্যায়োয়াং শ্রাদ্ধ তর্পণং করিষ্যে। এই হল ছোট বাবুর পালা, এই বার বড় সাহেবের পালা; ঠ্যালাও বড়।

বরদা। হতভাগা ব্যাটা শ্রাদ্ধের মন্তর আউড়ে দিলি?

পেলা। মন্তরের এই টুকুইতো আমার শেখা Sir! তা শ্রাদ্ধই বল আর বিবাহই বল।

সারদা। কুছ পরোয়া নেই, এই বার বিলীতি ধরণের হোক্।

প্যালা। (চোতা হস্তে প্যালারামের মন্তর পড়ান।)

আমরা হিঁদু নই, মুসলমান নই,
কৃষ্টান নই, জু নই,
আমরা সকল ধর্ম্মের বার।
আমরা খেদিয়ে দেওয়া বাপের
আর তাড়িয়ে দেওয়া মার॥
বিলিতি সভ্যতার জোরে
লোক ধর্ম্মের পার।
আমাদের আক্কেল চমৎকার॥

আমি প্যালা রেজিষ্টার।
বে দিচ্ছি দেরি কোরবনা আর।
বেশ্যার মেয়ের বে দেওয়ার পুরুত গিরীর ভার।
আর দালালীতো আছেই আমার।
বল আমায় আর দরকার কার।

দ্বারবান। (নেপথ্যে) মাজি! বাবু আয়া, জামাই সা
আয়া—

প্যালা। সে কি! সে কি! আমি তবে কাট সরিয়ে পিপে
ভেতর ঢুকলুম্ বাবা! এ আর ইস্পিক্‌টি not (পিপে
মধ্যে প্রবেশ)

সারদা। এই শালা Priest! পিপের ভেতর ঢুক্‌লি কেন
একি! তোমরা ও দুজন হাত ছাড়িয়ে নাও কেন? ভা
হস্ত ছাড়িও না, আরো দৃঢ় করিয়া ধর; আমি পে
শালাকে টানিয়া তুলি।
There is some thing rotten in the bottom c
Denmark, বদমাইসির গন্ধ পাই।

বরদা। আমি দাদা হত বুদ্ধি!

লালনমণি! ও মা গো উহু হু হাত ভেঙ্গে গেলো যে।

(Mr. John Bull ও বামনদাস বাবুর প্রবেশ)

John. What's the matter ?

বামন। একি? এ গোলমাল কিসের।

সারদা। (পেলারামের চুলের ঝুঁটি ধরিয়া) ওঠ শালা ও Ceremoney সাঙ্গ কর।

বরদা। ও বাবারে, বাবা যে! (মুখ লুক্কাওন)

পেলা। মেরে ফেল্লেরে, বাবারে! আমি কিছু জানি খুড়ো।

লালন। হাত ছাড়না গো বাবু।

বামন। বলি ব্যাওরা খানা কি?

সারদা। Oh my dear father ! Here is a foreign gentle man I see,all right, I will explain the matter.

বামন। এ কি? এ বেটা আবার এখানে কেন? ও বেটা! তুই ও যে সঙ্গে, ব্যাওরাটা কি?

লালন। ব্যাওরা আমার মাথা আর মুণ্ডু, এ দুটী তোমার গুণধর বুঝি? ছি ছি ছি! ওঁরা দুই ভেয়ে আমাদে মাকে ঝিকে বে করছেন, পেলা বেটা ঘটক হয়ে এ করেছে। আমিও ভাই সত্যি বলছি, ফাঁকের ঘরে কি টাকা হাতিয়ে নিচ্ছিলুম। তাকি জানি ছাই যে তোমা ছেলে? হাত ছাড়নারে বাবু, বেটাতো ভারি গোঁয়া দেখছি।

ভেণ্ডার। বাবা দেখগা আমি তখনই বারণ করিছিলুম।

সারদা। এ ষড়যন্ত্র আমি ভাল বুঝিনা, বিবাহ হইয়া গিয়াছে, আর ছাড়িতেছিনা। ভাই! তুমিও ছাড়িতে চাহিওনা।

বামন। হতভাগা বেটা! ওযে তোর মা রে হারামজাদা! হাত ছেড়ে দে।

সারদা। Now my beloved wife, one half body and soul.

বামন। ওরে বেটা বোরো, তুই সব জানিস, হতভাগা বেটা সব খুলে বল।

বরদা। বাবা! মা তোমায় লুকিয়ে আমার হাতে টাকা দেন, আমিই দাদাকে জাহাজ ভাড়া পাঠিয়ে দিয়ে আনিয়েছি। সামাজিক সংস্কারই আমার লক্ষ্য, ওঁকে পেলে দুনো বল পাব বলে তাই—

বামন। তাই আমার মাথার ঘাম পায়ে ফেলা টাকায় ঐ অকাল কুষ্মাণ্ড বেটাকে এনে, ওর পরামর্শে বাপের রক্ষিতা বেশ্যাকে বে করে সমাজ সংস্কার করছ।

সারদা। এ হে হে হে আপনি বুঝিলেন না—বা ভুল বুঝিতেছেন, ভাই ধ্রুব সত্য বলিয়াছে। আমার সমাজ সংস্কারের প্রোগ্রাম শুনিলেই স্তম্ভিত হইবেন যে, ঐ Old Hypocrite brutal fatherএর ঔরসে এমন Genius কেমন করিয়া জন্মিয়াছে।

লালন। তোর জিনিসের মুখে ঝাঁটা, আর তোর ঔরস দাত বাপের মুখে ঝাঁটা, এখন ভাল চাস্ত আমার হাত ছেড়ে দে; নইলে ঝেঁটিয়ে বিষ ঝেড়ে দেব।

সারদা। টাকা পিপায় ফেলিয়াছ, বিবাহ সমাপ্ত হইয়াছে, এখন যাবে কোথা Dear ?

বামন। কত টাকা? হ্যাঁরে বেটা এ টাকা আবার পেলি কোথা ?

বরদা। তুমি সে দিন দলিল নিতে এসে লোহার সিন্দুকে চাবি লাগিয়ে রেখে গিয়ে ছিলে, দাদার পরামর্শে দাদাতে আমাতে বার করে নিয়েছি।

বামন। বেশ করেছ, আচ্ছা করেছ, কই টাকা ? কত টাকা ?

পেলারাম। আজ্ঞে খুড়, এই দেখুন না! একশ টাকা করে চোদ্দ কেতা নোট্।

বামন। দে বেটাদের পুলিষে দে, চোর গুয়োটারা! আমার সর্ব্বনাশ করতে বসেছ; বোরো! বল বলছি এ চুরির পরামর্শে কে কে ছিল ?

বরদা। দাদা—ও—আমি।

বামন। এ বের পরামর্শে—কে কে ছিল ?

বরদা। দাদা—ও—আমি।

সারদা। যত বল, যত কও, আমি আমার Sweat heart কে ছাড়িতেছিনা, ভাই ছাড়ে ছাড়ুগ। আমার গাড়ী ঠিক্ আছে, Honey moon এর জন্য দারজিলিংএ বাঙ্গলা ভাড়া করিয়া রাখিয়াছি, এখনই লইয়া যাইব।

লালন। বলি বাবু! আমায় এ রাক্ষসের হাত থেকে উদ্ধার করবে, না বেটা সেবাদাসী করে নিয়ে যাবে ?

বামন। কি দায়! পুলিস্ ডাক।

পেলারাম। আজ্ঞে খুড়ো আমি যাব ?

বামন। পেলারাম তুই কি বুঝে এই ঘটকালি করলি ?

পেলারাম। আজ্ঞে খুড়ো আমি কি জানি যে আপনি এ বাড়ী

যাতায়াত করেন ?

বামন। বেটা! ষাঁড়ের দালালি কর আর এ খবর রাখ না

পেলা। আপনি রাত দশটার সময় আসেন ঘাপ্টি মেরে, অ

উদিকে ভোরের সময় প্রাতঃস্নান করে বাড়ী যান। অ

ঐ খুড়ীই বলুগ না আপনার নাম কি কখন ও প্রক

করেছে ? পীড়াপীড়ি করে ধরলে, বল্লে বাঙ্গাল মহাজন

খুড়, তবে পুলিষে যাই ?

John. Wait a bit Babu! Well Macarthy! I

you recognise me?

সারদা। (স্বগতঃ) সর্ব্বনাশ! (প্রকাশ্যে) who are you ?

John. Your prosecuting Solicitor at Cork Assizes,

have you now here after all—all right, I w

call for a warrant soon.

সারদা। You are devil incarnate, thank you.

(প্রস্থানের উপক্রম)

John. Not so quick. (সারদাকে ধারণ)

বামন। কি মশাই ব্যাপার কি ?

John। ইনি আমার কয়েদী। পুলিসের লোক ওঁর জা

মতায়ন রেখেছি। ল্যাভেণ্ডার! টোপী আছে—?

লেভেণ্ডার। আছে বই কি।

বামন। কি ব্যাওরা খানা কি ?

John। টোমার ছেলিয়া বাবু Highway robberyর এ

বিলাতে ৪ বার জেল্ খাটিয়াছিল এবং শেষবার হাজত হইতে পলাইয়াছে, সে আজ ২ বৎসর হইল। আমি Government এর তরফে prosecution চালাইয়াছিলাম। এবার Penal servitude for life সাজা হইত!

বামন। সাহেব, এ বেটা আমার ত্যজ্য পুত্র, কি করব, গৃহিণীর অনুরোধে ঘরে রেখেছি। দোহাই সাহেব ছেড়ে দাও, গিন্নি শুনলে গলায় দড়ি দিয়ে মরবে।

John। না, আমি অল্পে ছাড়িতে পারিনা, এ যেমন গাধা তেমনি গাধা সাজাইব।

বামন। তা যা খুসি কর বাবা, জেলে দিওনা। এই বেটাকে একটু ভাল বাসি, তা এও গিয়েছে।

বরদা। বাবা, আমায় মার্জ্জনা কর। আমি আর দাদার সঙ্গে কথাও কহিব না, অন্ধ বিশ্বাসে ভুলে গ্রহ বশতঃ এমন কাজ করেছি।

বামন। দে বেটা নাকে খৎ দে। বল্ আর এমন কাজ করবিনি? সমাজ সংস্কারের নাম ও মুখে আনবিনি?

John। পালাবার চেষ্টা করিও না, পুলিস বাহিরে আছে। আমি তোমার সন্ধান বর্দ্ধমানে পাইয়াছিলাম, ল্যাণ্ডেওার খপর লিখিয়াছিল। You can't escape me so easily.

বামন। দে বেটা নাকে খৎ দে, দাঁড়িয়ে রইলি যে।

বরদা। নাকে খৎ দিচ্ছি, কিন্তু আমি একা দুষী নহি, দুষী দাদা —ও—আমি।

বামন। দোষ করেছিলে মিলে গাধা ও—তুমি।

বরদা। তবে দাদারও নাকে খৎ হোক্।

John। My dear Lavendar! তোমারা ঘরমে যো গাধাকা মু, আউর টোপি হ্যায় ও লেআও, আউর উয়ো কেতাবঠো বি লাও! (লেভেণ্ডারের আনিয়া দেওন)

লেভেণ্ডার। এ মুখস্ কি ওঁর নাকে দেবে?

John। ওঁর কি নাক আছে! উনি বোঁচা। এই, তোম্ ইয়ে গাধাকা মুখ্ আউর টোপি পিনায় দেও! আউর ঐ কিতাবঠো উস্কো হাতমে দেও!

(পেলারাম কর্ত্তৃক মুখস্ পরাইয়া দেওন।)

John। দেখ তোম্ গাধা হ্যায়—এই কিতাবঠো পড়ো, পড়্নেসে বুঝোগে Social reformation কেস্কো বোলে!

পেলারাম। গাধা সাহেব! গ্যাড্ ম্যাড্ করে ছুটো চাট ছাড়োনা?

John। ছোটা সাহাবকো এই টুপি দেও। (দেওন) খাড়া হও দেখি কেমন গাধা—ও—তুমি। বাঃ বাঃ বেশ গাধা ও তুমি!

বরদা। উঠতি মুখে পাকা ঘুঁটি আপন দোষে কাঁচি।
সমাজ সংস্কার রইল তোলা গঙ্গা নেয়ে বাঁচি॥
মিলে ঘুসে কচ্ছিনু কাজ কেউ বলেনি হ্যাকা।
হুজুক করে উঠ্তে গিয়ে হলেম একাভেকা॥
দাদার বুদ্ধি নিতে গিয়ে বুদ্ধি গেল উড়ে।
বদনাম টা রটলো শেষে সোনার বাঙ্গালা জুড়ে॥

গাধা ও তুমি।

সভ্য মহাশয় আমরা ভাক্ত সমাজ সংস্কারক, আপনাদের মধ্যে আমাদের মত কেউ আছেন কি? থাকেন তো সাবধান!!

(যবনিকা-পতন।)

Printed by B. L. Dass
at the "NEW CALCUTTA PRESS"
No, 3 Beadon Square, Calcutta.